

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২৯, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-ও শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আশ্বিন ১৪১১/২৮ সেপ্টেম্বর ২০০৮

এস, আর, ও নং ২৮১-আইন/২০০৮।—যেহেতু সরকার স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৪৩ আইন/২০০৮, তারিখ ২ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ মোতাবেক ১৯ জ্যৈষ্ঠ, ১৪১১ বঙ্গাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উন্নিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছেন; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৬৪৯৭)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা রাসামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ২৯ আধিন, ১৪১১ বাংলা মোতাবেক ১৪ অক্টোবর, ২০০৪ খ্রিস্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি বাঘাইছড়ি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

#### তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে., এল., নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১	৩২ নং বাঘাইছড়ি	বাঘাইছড়ি	৩৭৯	২১৩-২৭৭৩
২	৩৩ নং মারিশ্যা	মারিশ্যা	৩৭৮	৩২২-৩৫০০
৩	৩৪ নং ঝুপকারী	ঝুপকারী	৩৮১	৬১৮-৩০২৯

রাষ্ট্রপতির আদেশক্রমে

সহিদুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারণাণ্ড), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারণাণ্ড), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।